

অধ্যাপক সৈয়দ হুমায়ুন আখতার পিএইচডি
উপাচার্য

Prof. Syed Humayun Akhter PhD
Vice-Chancellor



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
BANGLADESH OPEN UNIVERSITY

অভিনন্দনপত্র

বঙ্গবন্ধু কন্যা, জননেত্রী
শেখ হাসিনা এমপি
মাননীয় প্রধানমন্ত্রী
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ও
সভাপতি, বাংলাদেশ আওয়ামী লীগ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে বাংলাদেশ আওয়ামী লীগের নিরঙ্কুশ বিজয়ে দলীয় সভাপতি ও বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী বঙ্গবন্ধু কন্যা, জননেত্রী হাসিনাকে সশ্রদ্ধ অভিবাদন জানাই। অষ্টম বারের মত সংসদ সদস্য নির্বাচিত হওয়ায় আপনাকে প্রাণঢালা অভিনন্দন। আপনার সুযোগ্য নেতৃত্বে বাংলাদেশ আওয়ামী লীগ টানা চতুর্থবার সরকার গঠন করতে যাচ্ছে। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সুযোগ্য উত্তরসূরী তাঁর কন্যা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা প্রমাণ করেছেন সততা ও অদম্য সাহসিকতা থাকলে সবকিছু জয় করা যায়। আপনার সুস্থ দৃষ্টি ও দূরদর্শিতা দিয়ে বাংলাদেশের বিরুদ্ধে ভূ-রাজনীতি এবং তথ্যপ্রযুক্তির সুযোগ নিয়ে নানা অপপ্রচার ও মিথ্যাচারের মাধ্যমে সাধারণ মানুষের মাঝে নানা ধরনের বিভ্রান্তি ছড়ানোর অপচেষ্টাকে আপনি রোধ করেছেন। দেশী বিদেশী নানা বাধা মোকাবিলা করে আপনার নেতৃত্বে এই বিজয় অর্জিত হয়েছে।

প্রিয় মাননীয় প্রধানমন্ত্রী

আপনার সততা, দেশপ্রেম, দৃঢ় মনোবল, অপরমেয় আত্মবিশ্বাস ও আত্মমর্যাদার ফসল এই বিজয়। আওয়ামী লীগের এই বিজয় সর্বোপরি বাংলাদেশের মানুষের এক অবিস্মরণীয় অর্জন। বঙ্গবন্ধু সোনার বাংলা গঠনে যে স্বপ্ন দেখেছিলেন, সে স্বপ্নের সিংহভাগ পূরণ করেছেন আপনি। একের পর এক মেগা প্রকল্পসমূহ বাস্তবায়ন তার অনন্য নজির। দেশের জনগণের ভাগ্য উন্নয়নে আপনার সুদূরপ্রসারী পদক্ষেপের ফলেই বাংলাদেশের উন্নয়ন ও মহাপরিকল্পনাগুলো বাস্তবায়ন সম্ভব হয়েছে। এবার সেই ধারাবাহিকতায় বাস্তবায়িত হবে স্মার্ট বাংলাদেশ, রূপকল্প ২০৪১ ও ডেল্টাপ্ল্যান। বিশ্বের বুকে তৈরি হবে আমাদের আত্মনির্ভরশীলতা ও সক্ষমতার এক আলোকিত অধ্যায়। আপনার মেধা, প্রজ্ঞা, বিচক্ষণতা, অসাম্প্রদায়িক ও গণতান্ত্রিক দৃষ্টিভঙ্গির কারণে বাংলাদেশ পৃথিবীর বুকে অধিষ্ঠিত হয়েছে এক অনন্য উচ্চতায়। আপনার আত্মবিশ্বাস ও সাহসিকতার বিজয়গাথা শুধু দেশেই নয় বিদেশেও মানুষের মনকে জয় করেছে। দেশের উন্নয়নে আপনার পদক্ষেপগুলো বিশ্ব নেতৃবৃন্দের ভূয়সী প্রশংসা লাভ করেছে। প্রমাণিত হয়েছে আপনার বহুমুখী নেতৃত্বের শক্তি।

একটি জাতির আত্মবিশ্বাস এবং আত্মপরিচয়ের উৎস হল গৌরবময় অতীত। স্বাধীনতার পর জাতির পিতা বঙ্গবন্ধুর নৃশংস হত্যাকাণ্ডের পর মুক্তিযুদ্ধের চেতনাকে ভুলুপ্তি করে জাতির সামনে থেকে আমাদের স্বাধীনতা সংগ্রামের গৌরবোজ্জ্বল ইতিহাসকে মুছে দেয়ার সর্বাঙ্গিক প্রয়াস চালিয়েছিল রাষ্ট্রীয় ক্ষমতা জবরদখল করে বসা অন্ধকারের শক্তি। তখন জাতির পিতার নাম উচ্চারণ এবং দেশের স্বাধীনতার পক্ষে কথা বলাও ছিল অপরাধ। দেশের ভবিষ্যৎ প্রজন্ম ভুলতেই বসেছিল আমাদের গৌরবোজ্জ্বল নিকট অতীতের ইতিহাসকে। আপনার সময়োপযোগী ও সাহসী পদক্ষেপের ফলে মুক্তিযুদ্ধের ইতিহাস পুনঃপ্রতিষ্ঠিত হয়েছে। তরুণ প্রজন্ম আমাদের মুক্তিযুদ্ধের সঠিক ইতিহাস সম্বন্ধে সম্যক অবগত হচ্ছে। পঠন-পাঠনে প্রজন্ম জানতে পারছে আমাদের আলোকিত ইতিহাস। আপনার অগ্রণী ভূমিকায় তরুণ প্রজন্মের মধ্যে আত্মবিশ্বাস, দেশপ্রেম, স্বাভাৱ্যবোধ জাগ্রত হয়ে একটি সৃষ্টি ও সমৃদ্ধ সমাজ বিনির্মিত হবে।

আজকের তরুণ প্রজন্ম বিশ্বের সাথে কাঁধে কাঁধ মিলিয়ে তথ্য প্রযুক্তি সেক্টরে কাজ করে যাচ্ছে এবং তরুণদের এ উদ্যোগ বিপুলভাবে প্রসারমান। এসবই আপনার নেয়া ‘ডিজিটাল বাংলাদেশ’ গড়ার প্রত্যক্ষ ফল। প্রাথমিক থেকে উচ্চ শিক্ষায় যাচ্ছে উদ্ভাবনী, শিক্ষাবান্ধব, গবেষণাধর্মী, বাস্তবমুখী জীবনব্যাপী এবং গুণগত মানসম্মত ও কর্মমুখী শিক্ষার ব্যাপক প্রসার। দক্ষ জনগোষ্ঠী এবং অর্থনৈতিক সমৃদ্ধির মাধ্যমে বাঙালি জাতি বিশ্বের বুকে আত্মমর্যাদাশীল জাতি হিসেবে টিকে থাকবে।

আপনার দূরদর্শিতার ফলস্বরূপ এই ঐতিহাসিক বিজয় দেশকে সুদূরপ্রসারী অগ্রযাত্রায় নিয়ে যাবে। আপনার গতিশীল নেতৃত্বে বিশ্বের বুকে বাংলাদেশ উন্নত দেশে পরিণত হবে, দেশবাসী নববলে বলীয়ান হয়ে অগ্রযাত্রার পথে আরও বহুদূর অগ্রসর হবে এবং বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলা প্রতিষ্ঠা করবে। এগিয়ে যাবে বাংলাদেশ উন্নয়নের উজ্জ্বল পথধারায়। আপনার দূরদৃষ্টি ও বলিষ্ঠ নেতৃত্বে আজকের বাংলাদেশের অভূতপূর্ব উন্নয়ন এবং আগামীর সম্ভাব্য বাস্তবায়ন ভবিষ্যত ইতিহাসে স্বর্ণালী অধ্যায় ও মাইলফলক হিসেবে পরিগণিত হবে।

মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা আপনাকে আবারও আন্তরিক ধন্যবাদ এবং অভিনন্দন।

জয় বাংলা, জয় বঙ্গবন্ধু। বাংলাদেশ চিরজীবী হোক।

অধ্যাপক সৈয়দ হুমায়ুন আখতার পিএইচডি
উপাচার্য

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

বাউবির দীক্ষা: সবার জন্য উন্মুক্ত কর্মমুখী, গণমুখী ও জীবনব্যাপী শিক্ষা